দৈনিক জনকণ্ঠ

৪

তারিখ ... JAN. 23 2000 ...
পৃষ্ঠা ২ কলাম ...

# এসএসসি পরীক্ষার বিস্তারিত সময়সূচী

স্টাফ রিপোর্টার ॥ দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের ২০০০ সালের এসএসসি পরীক্ষা শুরু হবে আগামী ২ মার্চ থেকে। ১৫ মার্চ এই পরীক্ষা শেষ হবে। ঢাকা বোর্ড সূত্র জানিয়েছে, ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর এবং চট্টগ্রাম– এই পাঁচটি বোর্ডের অধীনে এ বছর প্রায় ৯ লাখ পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। পাঁচটি বোর্ডের এসএসসি পরীক্ষার সময়সূচী গত ২০ জানুয়ারি প্রকাশ করা হয়েছে। এই সময়সূচী অনুযায়ী প্রথম দিন ২ মার্চ অনুষ্ঠিত হবে ইংরেজী প্রথমপত্রের পরীক্ষা। ইংরেজী দ্বিতীয়পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ মার্চ।

৫ মার্চ বাংলা (আবশ্যিক) প্রথমপত্র, বাংলা-বিকল্প সহজপাঠ প্রথমপত্র এবং বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৬ মার্চ অনুষ্ঠিত হবে বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র, বাংলা বিকল্প সহজপাঠ-দ্বিতীয়পত্র এবং বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান দ্বিতীয়পত্রের পরীক্ষা।

৭ মার্চ সকালে শুধুমাত্র হিসাব বিজ্ঞানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ওই দিন বিকালে অনুষ্ঠিত হবে আরবী, সংস্কৃত, পালি, কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়), কর্মমুখী শিক্ষা, শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়), চারু ও কারুকলা (তত্ত্বীয়) এবং বেসিক ট্রেড (তত্ত্বীয়)-এর পরীক্ষা। ৮ মার্চ অনুষ্ঠিত হবে সামাজিক বিজ্ঞান এবং সাধারণ বিজ্ঞান বিষয়ের পরীক্ষা। ৯ মার্চ পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়), ইতিহাস এবং ব্যবসায় পরিচিতি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১১ মার্চ সকালে অনুষ্ঠিত হবে গণিত এবং বিকালে সঙ্গীত (তত্ত্বীয়) বিষয়ের পরীক্ষা। ১২ মার্চ সকালে কৃষি শিক্ষা (তত্ত্বীয়) ও গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়) এবং বিকালে উচ্চতর গণিত (তত্ত্বীয়)-এর পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৩ মার্চ অনুষ্ঠিত হবে ইসলাম শিক্ষা, হিন্দু ধর্ম শিক্ষা, বৌদ্ধ ধর্ম শিক্ষা ও খ্রিষ্ট ধর্ম শিক্ষা বিষয়ের পরীক্ষা।

১৪ মার্চ সকালে জীব বিজ্ঞান (তত্ত্বীয়) ও অর্থনীতি এবং বিকালে উচ্চতর বাংলা ও উচ্চতর ইংরেজী বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৫ মার্চ সকালে অনুষ্ঠিত হবে ভূগোল ও বাণিজ্যিক ভূগোল বিষয়ের পরীক্ষা এবং ওই দিন বিকালে রসায়ন বিজ্ঞান (তত্ত্বীয়), পৌরনীতি ও ব্যবসায় উদ্যোগ বিষয়ের পরীক্ষা নেয়া হবে।

বেসিক ট্রেডসহ সকল ব্যবহারিক পরীক্ষা ২৭ থেকে ৩১ মার্চের মধ্যে শেষ করতে হবে বলে সময়সূচীর সার্কুলারে উল্লেখ করা হয়েছে।